কোটচাঁদপুর সরকারি কলেজ খেলার মাঠে নতুন ভবন নির্মানের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের খেলার মাঠ ক্ষতি করে নতুন ৬ তলা বিশিষ্ট ভবণ নির্মানের প্রতিবাদে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টার দিকে কলেজ বাসষ্ট্যান্ডের প্রধান সড়কে এই মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম জাহিদ, শিক্ষক মহিদুল ইসলাম লাল, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন, ক্রীড়া সংগঠক রায়হান চেীধুরী, মিল্লাত হোসেন, কাজী জনি, ও মারুফ হোসেন প্রমূখ।

সমাবেশে বক্তারা কলেজের খেলার মাঠ ক্ষতিগ্রস্থ না করে অন্যস্থানে নতুন ৬ তলা বিশিষ্ট একাডীমিক ভবন নির্মানের দাবী জানান।

উল্লেখ্য, গত ৪ অক্টোবর আনুষ্ঠানিক ভাবে কলেজের নতুন ৬ তলা বিশিষ্ট ভবণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজের অধ্যক্ষ প্রফেসর অনুতোষ কুমারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ৬ তলা ভবন নির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

ঝিনাইদহে পুজামন্ডপে অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক সভা

অনুষ্ঠিত

ঝিনাইদহে আসন্ন শারদীয় দূর্গপুজা উপলক্ষে পূজামন্ডপ সমূহে সরকারি অনুদান বিতরণ ও আইনশৃঙ্খলা বিষয়ক বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে সদর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা অডিটরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি রানী দত্ত, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন প্রমুখ।

আলোচনা সভা শেষে সদর উপজেলার ৯৩ টি পুজা মন্ডপের নেতৃবৃন্দের হাতে সরকারি অনুদান হিসেবে মন্ডপ প্রতি ৫ শত কেজি চাল প্রদান করা হয়।
এসময় আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা বজায় রাখা সহ করোনা পরিস্থিতি স্বাভাবিক রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলতে সকলের প্রতি আহবান জানানো হয়।

আলমডাঙ্গায় ধর্ষনের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের মানববন্ধন

দেশের বিভিন্ন স্থানে লাগামহীম ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে।

গতকাল বুধবার আলমডাঙ্গার আল তায়েবা মোড়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থী ও সাধারন জনগণ মানববন্ধনে অংশ নেন। সমাবেশে প্রতিবাদি বক্তারা ধর্ষনে অভিযুক্ত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তির বিধান রেখে আইন প্রনয়নেরও আহবান জানান।

ধর্ষনের প্রতিবাদে ‘পাবলিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন অব আলমডাঙ্গা উপজেলা’ মানববন্ধনের আয়োজন করলেও এতে সব ধরনের শিক্ষক-শিক্ষার্থী ও সাধারন জনগণ অংশ নিয়ে প্রতিবাদ মুখর হয়ে ওঠেন। তারা ধর্ষনে জড়িত ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি প্রদানের ব্যবস্থা করতে সরকারের প্রতি আহবান জানান। প্রয়োজনে ধর্ষকদের শাস্তি যাবজ্জীবন থেকে বাড়িয়ে মৃত্যুদন্ডের বিধান রেখে আইন পাশ করারও আহবান জানান।

মানবন্ধনে অংশ নেন আলমডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র এ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, বাদল স্মৃতি একাডেমীর প্রধান শিক্ষক সুরুল ইসলাম দীপু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাঈম হাসান অয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সজল আহমেদ টগর, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাহিদ তমাল রোমান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সাইফুল ইসলাম সাফি, সাস্টেও ছাত্র আকিব লাম, আসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সুমাইয়া তাবাস্সুম তিয়া, ব্রাইট মডেল স্কুলের পরিচালক জাকারিয়া হিরো, আনিসুজ্জামান রিমন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মুসাব ইবনে শাফায়াত।

ইসরায়েলের সব স্থানে আমরা হামলা চালাতে সক্ষম: ইসলামি জিহাদ আন্দোলন

ফিলিস্তিনের অন্যতম প্রধান প্রতিরোধকামী সংগঠন ইসলামী জিহাদ আন্দোলন বলেছে, তারা দখলদার ইসরায়েলের যে কোনো স্থানেহামলা চালাতে সক্ষম।

সংগঠনের মহাসচিব জিয়দা আল নাখালা মঙ্গলবার একটি টেলিভিশন চ্যানেলের মাধ্যমে দেয়া বক্তৃতায় এ কথা বলেন। খবর পার্সটুডের।

তিনি জানান, ইসরায়েলের রাজধানী তেলআবিবসহ যে কোনো অংশে তার সংগঠনের যোদ্ধারা রকেট বা ক্ষেপণাস্ত্র হামলা চালাতে সক্ষম। যখন প্রয়োজন হবে জিহাদ আন্দোলন তখনই হামলা চালাতে পারে বলে তিনি উল্লেখ করেন।

২০০০ সালের পর থেকে ইসরায়েল গাজা উপত্যকায় তিন দফা আগ্রাসন চালিয়েছে। গাজাভিত্তিক ইসলামী প্রতিরোধ আন্দোলন হামাসের পাশাপাশি জিহাদ আন্দোলন ইসরায়েলের বিরুদ্ধে লড়াই করেছে।

এ ছাড়া প্রতিদিন ইসরায়েল যে আগ্রাসন চালায় তা থেকে ফিলিস্তিনিদের রক্ষার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে ইসলামী জিহাদ।

নাখালা বলেন, দখলদার ইসরায়েলের বিরুদ্ধে অধিকৃত ভূখণ্ডের সব জায়গায় লড়াই-সংগ্রাম করা তাদের সংগঠনের বৈশিষ্ট্য হয়ে গেছে।

জিয়াদ আল নাখালা ফিলিস্তিনি সংগঠনগুলোর মধ্যে জাতীয় ঐক্য প্রতিষ্ঠার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ফিলিস্তিনের যে সংগঠন দখলদার ইসরাইলের বিরুদ্ধে লড়াই করবে, তাদের সঙ্গে সংহতি প্রকাশ করবে জিহাদ আন্দোলন।

মহামারীতে মৃত্যু হয়েছিল ট্রাম্পের দাদার, প্রকাশ্যে এল চাঞ্চল্যকর তথ্য!

করোনাভাইরাস মহামারীতে বিপর্যস্ত গোটা বিশ্ব। এই ভাইরাসের প্রকোপে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত বিশ্বের সবচেয়ে বেশি ক্ষমতাধর রাষ্ট্র আমেরিকা। বর্তমানে দেশটির বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও সস্ত্রীক আক্রান্ত এই ভাইরাসে।

যদিও ডোনাল্ড ট্রাম্প এই ভাইরাস ও মহামারীকে শুরু থেকেই তেমন পাত্তা দিচ্ছেন না, তবে তার করোনা আক্রান্তের পর প্রকাশ্যে এসেছে এক চাঞ্চল্যকর তথ্য।

সেটি হচ্ছে, ট্রাম্পের দাদাও মহামারীতে আক্রান্ত হয়েছিলেন। এমনকি তার মৃত্যুও হয়েছিল মহামারীতেই। সেটি ছিল স্প্যানিশ ফ্লু মহামারী। খবর ওয়াশিংটন পোস্ট ও সিএনএন’র।

ডোনাল্ড ট্র্যাম্পের দাদার নাম ফ্রেডরিক ট্রাম্প। তিনি ১৯১৮ সালে মহামারী স্প্যানিশ ফ্লুতে আক্রান্ত হন। ওই সময় স্প্যানিশ ফ্লুতে বিশ্বে ৫০ কোটি মানুষ আক্রান্ত হন এবং প্রাণ হারান প্রায় ৫ কোটি। স্প্যানিশ ফ্লুকে ইনফ্লুয়েঞ্জাও বলা হয়!

জানা গেছে, সেই সময়ে স্প্যানিশ ফ্লুতে সবচেয়ে বেশি মানুষ মারা যান যুক্তরাষ্ট্রেই। সেই সময়ও এই ভাইরাসের সঙ্গে লড়তে অনেকটাই দেরি করে ফেলেছিল যুক্তরাষ্ট্র। কোভিড-১৯ মহামারীতে সবচেয়ে বেশি আক্রান্ত যুক্তরাষ্ট্রে। মৃত্যুতেও যুক্তরাষ্ট্রের ধারেকাছে নেই কোনও দেশ।

ওয়ার্ল্ডওমিটারের তথ্যানুযায়ী, মঙ্গলবার বিকাল পর্যন্ত করোনায় মারা গেছেন যুক্তরাষ্ট্রের ২ লাখ ১৫ হাজারের বেশি মানুষ। আর আক্রান্ত হয়েছেন ৭৬ লাখ ৭৯ হাজারের বেশি মানুষ।

গত শুক্রবার করোনায় আক্রান্ত হওয়ার খবর দেন খোদ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফার্স্টলেডি মেলানিয়াও একই দিন আক্রান্ত হন। ট্রাম্প এই মহামারীকে গুরুত্ব দেননি। তিনি এটিকে সাধারণ ফ্লু বলে উল্লেখ করতেন। অথচ ট্রাম্প কি জানেন তার উত্তরসূরির মৃত্যু ফ্লুতেই হয়েছিল।

ট্রাম্পের দাদা ফ্রেডরিক ট্রাম্পের জন্ম ১৮৬৯ সালে। তিনি ছিলেন একজন জার্মান-আমেরিকান ব্যবসায়ী।

তিনি মাত্র ১৬ বছর বয়সে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। ১৮৯২ সালে তিনি মার্কিন নাগরিকত্ব গ্রহণ করেন। পরে স্প্যানিশ ফ্লুতে মারা যান।

বার্সেলোনায় সুখী নয় গ্রিয়েজমান: দেশম

বার্সেলোনার জার্সিতে জ্বলে উঠতে পারেননি আতোঁয়া গ্রিয়েজমান। লা লিগায় ৩৫ ম্যাচ খেলে মাত্র ৯ গোল করেন ফরাসি ফরোয়ার্ড। তার জাতীয় দলের কোচ দিদিয়ের দেশমের দাবি, বার্সেলোনায় গিয়ে সুখী নন গ্রিয়েজমান।

সোমবার সংবাদ সম্মেলনে ফ্রান্সের কোচ বলেছেন, ‘আমি তার সঙ্গে কথা বলেছি এবং তার সঙ্গে পরে দেখাও হবে। আমি নিশ্চিত সে এই পরিস্থিতিতে সুখী নয়। অন্য ক্লাবে আমার খেলোয়াড়কে ব্যবহারে হস্তক্ষেপ করি না আমি, সেটা বার্সা বা যে ক্লাবই হোক না কেন। আতোঁয়া এখন ডানপাশে খেলছে।’

যে কোনও পরিস্থিতির সঙ্গে গ্রিয়েজমানকে মানিয়ে নেওয়ার পরামর্শ দিয়েছেন দেশম, ‘এটা সত্যি যে কোমান তাকে বলেছে যে, তিনি বুঝতে পারেননি যে সে আরও বেশি সেন্ট্রাল পজিশনে খেলতে অভ্যস্ত। কিন্তু আঁতোয়াকে মানিয়ে নিতে হবে। আমার কাছে সে সেন্ট্রালে অনেক বেশি কার্যকরী। ওই পজিশনে থেকে সে মাঝমাঠেও সাহায্য করতে পারে।’

বার্সার নতুন কোচ কোমান এই মৌসুমে লিওনেল মেসি ও আনসু ফাতির সঙ্গে মানিয়ে নিতে গ্রিয়েজামনকে উইংয়ে খেলাচ্ছেন। কিন্তু প্রত্যেক খেলোয়াড়কে তার সেরা পজিশনে খেলানো উচিত মনে করেন দেশম, ‘বার্সার ভিন্ন পরিস্থিতি ও পদ্ধতি মাথায় রেখে যেটা সবচেয়ে ভালো হবে আমরা সেটাই করবো। আঁতোয়া কখনও অভিযোগ করে না। কিন্তু তার পূর্ণ সম্ভাবনা তখনই কাজে লাগবে যখন সেরা পজিশনে খেলবে।’

এ বছর যেভাবে হবে এইচএসসি ও

সমমানের ফলাফল

করোনাভাইরাস মহামারির কারণে এবার উচ্চ মাধ্যমিক তথা এইচএসসি ও সমমানের পরীক্ষা বাতিল করা হয়েছে। জেএসসি ও এসএসসি পরীক্ষার ফল মূল্যায়ন করেই এইচএসসির ফলাফল নির্ধারণ করা হবে।

বুধবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

গাংনীতে পাটের গুদামে আগুন, ১৫ লাখ টাকার ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার বড়বামন্দী গ্রামের পাট ব্যবসায়ী ইসরাইল হোসেনের পাটের গুদামে অগ্নীকান্ডে অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে।
বুধবার ভোর রাতে এ অগ্নীকান্ডের ঘটনা ঘটে। গাংনী থানা পুলিশের ওসি ওবাইদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

ক্ষতিগ্রস্থ ব্যবসায়ি ইসরাইল হোসেন ওই গ্রামের মৃত আব্দুস সাত্তারের ছেলে।

স্থানীয় মুদি ব্যবসায়ি কালাম জানান, ঘটনার সময় তিনি বাড়ির বাইরে আসলে আগুন দেখতে পান ও স্থানীয়দের ডেকে তোলেন। সেই সাথে খবর দেন ব্যবসায়ী ইসরাইল হোসেনকে। ফায়ার সার্ভিসকেও খবর দেয়া হয়।

ফায়ার সার্ভিস একটি টীম স্থানীয়দের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে পাট ও অন্যান্য মালামাল ভষ্মিভুত হয়।

ইসরাইল হোসেন জানান, পাট গুদামে পাট ছাড়াও ধান গম, মসুরী ছোলাসহ অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে। গুদামের সামনে পাটকাঠির মাথায় আগুন লাগানো ছিল। কেউ শত্রুতা করে এ কাজটি করতে পারে বলেও ধারণা করছেন তিনি।

গাংনীতে হাসপাতালে উত্তেজনার অবসান !

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরীক্ষা স্যাকমো তানভিরকে লাঞ্চিতের ঘটনায় ডায়াগনস্টিক মালিক দেলোয়র হোসের মিঠুর সাথে সমঝোতা করেছেন স্বাস্থ্যকমপ্লেক্স কর্তৃপক্ষ।

মঙ্গলবার সকালে স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে সালিশ বৈঠক অনুষ্ঠিত হয়। সালিশ সভা পরিচালনা করেন স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইসএ রিয়াজুল আলম। আধাঘন্টার বৈঠকে সব দোষ পড়ে স্যাকমো তানভিরের ওপর। কিন্তু টিএইচও রিয়াজুল আলমের পাশে বসে থেকে মিঠু ছবি পোষ্ট করায় সমালোচনা সৃষ্টি হয়।

জানাগেছে. গতকাল সোমবার সাহারবাটি গ্রামের দিনমজুর শুকুর আলী চিকিৎসার জন্য আসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। কাউন্টার থেকে টিকিট সংগ্রহ করে স্যাকমো তানভিরের কাছে সমস্যার কথা জানান শুকুর আলী। হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার সুযোগ থাকলেও স্যাকমো তানভির ৬টি টেস্ট লিখে একটি ডায়াগনষ্টিক সেন্টারের ভিজিটিং কার্ড ও তানভিরের ভিজিটিংকার্ড সংযুক্ত করে দেয়া হয়। এনিয়ে গাংনীস্থ এইসএম ডায়াগনষ্টিক সেন্টারের মালিক দেলোয়ার হোসেন মিঠু হাসপাতালে গিয়ে স্যাকমো তানভিরকে লাঞ্চিত করেন। এমন অভিযোগ করেন তানভির। ভুক্তভোগী শুকুর আলী টিএইসএ বরাবর লিখিত অভিযোগ করলে স্যাকমো তানভিরও সরকারি কাজে বাধার অভিযোগ করেন। এক পর্যায়ে বিষয়টি নিয়ে উত্তেজনাকর পরিবেশের সৃষ্টি হয়।

এ প্রেক্ষিতে মঙ্গলবার সকালে ভুক্তভোগী শুকুর আলীর অভিযোগ প্রত্যাহার করেন। সেই সাথে তানভিরও তার অভিযোগ প্রত্যাহার করেন। উভয় উভয়ের ভুলবোঝাবুঝির অবসান ঘটাতে আপোষ করার উদ্যোগ নেন স্বাস্খ্য কমপ্লেক্সের কর্মকর্তা এম রিয়াজুল আলম। অন্যদিকে সালিশ বৈঠকে স্যাকমো তানভির ও ডায়াগনষ্টিক মালিক দেলোয়ার হোসেন মিঠু টিএইসএর পাশের চেয়ারে বসে থাকার ভিডিও এবং ছবি ফেসবুকে পোস্ট করা হলে টিএইসএ সমালোচনার মুখে পড়েন।

এবিষয়ে দোলোয়ার হোসেন মিঠুর সাথে মোবাইল ফোনে কথা হলে তিনি

বলেন, আমি ডায়াগনস্টিক সেন্টারের মালিক হিসেবে সালিশ সভায় অংশ গ্রহন করিনি। আমি উপজেলা সেচ্ছা সেবকলীগের সাধারণ সম্পাদক হিসেবে সালিশে অংশ গ্রহন করেছিলাম। তাছাড়া একজন ভিক্ষুককে বিনা প্রয়োজনে অর্থ উপার্জনের লালশায় টেস্ট দিয়েছে। এ টেস্ট গুলি গাংনী হাসপাতালেই সরকারি ভাবে করোনো হয়। তাই প্রতিবাদ করার জন্য গিয়েছিলাম। তানভিরের সাথে আমার অসৌজন্যমুলক কিছুই ঘটেনি। যা ঘটেছে তা ভিডিও করে ফেসবুকে পোষ্ট করা আছে। আমি একজন শিক্ষিত এবং সচেতন নাগরিক হিসেবে সরকারি সেবা পাইয়েদিতে অসহায় শুকুর আলীর পাশে দাঁড়িয়েছিলাম।

স্যাকমো তানভিরের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তার মোবাইল ফোন নম্বরটি বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম বলেন, স্যাকমো তানভির টেস্ট দেয়ার অধিকার রাখেনা। শুকুর আলী ও তানভির দুজনেই তাদের অভিযোগ পত্র প্রত্যাহার কারার জন্য লিখিত দিয়েছেন। এবং তাতে উল্লেখ করেছেন তারা ভুল বুঝে এসব করেছেন। দেলোয়ার ও তানভিরের সাথে যা ঘটেছে সেবিষয়ে তারা নিজেরাই বন্ধুত্বের কারনে বুকে বুক মিলিয়ে নিয়েছেন আমার কাছে বসেছিলেন শুধু মাত্র জানানোর জন্য। তিনি আরো বলেন আগেই তারা তাদের অভিযোগ প্রত্যাহার করেছেন সে ক্ষেত্রে তারা কেউই আর অভিযোগের মধ্যে পড়েনা। গাংনীর মানুষকে আমি সম্মান ও শ্রদ্ধাকরি। আমিও চাই গাংনী হাসপাতালে সকলে সেবা গ্রহন করুক।

মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে মিছিলে পুলিশের বাধা

“সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে বিক্ষোভ মিছিল করে। মিছিলটি মেহেরপুর পৌরসভার সামনে পৌঁছালে মেহেরপুর জেলা পুলিশের বাধায় বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয় ইসলামী যুব আন্দোলন।



মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা ইসলামী আন্দোলনের সভাপতি মুফতি হুজাইফা’র নেতৃত্বে এই বিক্ষোভ মিছিলটি অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ইসলামী যুব আন্দলনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি তরিকুল ইসলাম, সহ-সভাপতি রহমতুল্লাহ এবং ইসলামী আন্দোলনের সভাপতি অধ্যক্ষ খাদেমুল ইসলাম প্রমুখ।

বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে পৌরসভার দিকে আসলে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয়। তারা জানান, অনুমতি ছাড়া এ ধরনের বিক্ষোভ মিছিল করা যাবে না।

এই বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহ্ দারা খান ‘মেহেরপুর প্রতিদিন’কে জানান, ইসলামী যুব আন্দোলনের মিছিলটিতে পুলিশ কোনোরকম বাধাগ্রস্থ করে নাই। তারা মিছিলটি সম্পন্ন করে চলে যায়।